

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত



সোমবার, নভেম্বর ১৫, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ/ ০৮ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ৩৪৩-আইন/২০২১।—যেহেতু স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১১ ভদ্র, ১৪২৭ বঙ্গাব্দ মোতাবেক ২৬ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ২৩৯-আইন/২০২০ দ্বারা জয়পুরহাট জেলার জয়পুরহাট পৌরসভার বিদ্যমান পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিয়াছে এবং উক্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনুর্ধ্ব ১(এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিবুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে নির্দেশনা প্রদান করিয়াছে; এবং

যেহেতু, উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর অধীন বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার পর সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হইতে নির্ধারিত সময়সীমার মধ্যে উক্তরূপ অভিপ্রায়ের বিবুদ্ধে সরকারের বরাবরে লিখিত কোন আপত্তি উত্থাপিত হয়নি;

সেহেতু, সরকার উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে জয়পুরহাট জেলার নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণপূর্বক এতদ্বারা উক্ত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিল, যথা:—

(১৬২৯১)
মূল্য : টাকা ৪.০০

১৬২৯২

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, নভেম্বর ১৫, ২০২১

তফসিল

ক্রমিক নম্বর	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নম্বর	দাগ নম্বর
০১	০৭ নং বন্ধু	বন্ধু	১৭৯	৫০১—৬৯৭
০২	০৭ নং বন্ধু	হানাইল বন্ধু	১৫৫	১৯২—৬৯৫
০৩	০৫ নং পুরানাপৈল	গোপিনাথপুর	১৪৪	০১ হতে ৫০৮ সাকুল্য মৌজা
০৪	০২নং দোগাছী	বুজুরুক ভারুনিয়া	১০১	০১ হতে ৪৫৭ সাকুল্য মৌজা

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ ফারুক হোসেন
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd